

অদ্য ১৪/০৯/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতিঃ- জনাব জনাব শামীমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

সভার স্থানঃ- মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, তারিখ: ১৪/০৯/২০২১ ইং, সময়-সকাল: ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ: তালিকা সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্য বিবরণী পাঠ করা হয়। সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

উপস্থাপিত বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
যুবক্ষণ ও প্রশিক্ষণের সার্বিক অগ্রগতি সংক্রান্ত আলোচনা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তার অধিদপ্তরের যুবক্ষণ ও প্রশিক্ষণ কার্যক্রমের বিগত অর্থ বছরের অগ্রগতি সন্তোষজনক। ২০২০-২০২১ অর্থ বছরে যুবক্ষণ ও প্রশিক্ষণ কার্যক্রম অতি শিক্ষিত শুরু করা হবে। প্রশিক্ষণার্থীরা নতুন নতুন ট্রেইডে প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী। প্রশিক্ষণ মানসম্পন্ন, যুগপযোগী ও চাহিদা অনুযায়ী এবং ভাতা প্রদানের বিষয়টি প্রধান কার্যালয়ে অবহিত করা এবং জাইকার অর্থায়নে যুব মহিলাদের সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণের বিষয়ে উপজেলা পরিষদ সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাবৃন্দ।
প্রশিক্ষণ উপকরণ/যন্ত্রপাতির বিষয়ে আলোচনা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিগত সভায় স্থায়ী কমিটির সুপারিশ অনুযায়ী প্রশিক্ষণ উপকরণ/যন্ত্রপাতির বিষয়টি আলোচনা করা হলেও অদ্যবধি প্রশিক্ষণ উপকরণ/যন্ত্রপাতি প্রদানের বিষয়টি বাস্তবায়নে অগ্রগতি দেখা যাচ্ছেনা। যার ফলে নতুন নতুন ট্রেইডে প্রশিক্ষণ করানো সম্ভব হচ্ছেনা। প্রস্তাবটি পরবর্তী বাজেটে গুরুত্বসহকারে দেখার জন্য সভার সম্মানিত সদস্যগণকে অনুরোধ করা হয়। উপরোক্ত বিষয়টি গভর্ণ্যাস প্রজেক্টের চলতি অর্থ বছরে বরাদ্বা প্রাপ্তির শুরুতেই প্রকল্প গ্রহণের জোর সুপারিশসহ পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা।
খেলাপীঝণ আদায় সংক্রান্ত আলোচনা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তার অধিদপ্তরের যুবক্ষণ আদায়ের হার ৯৮.৮৫%। কিছু খেলাপীঝণীর জন্য ঝণ আদায়ের হার ১০০% এ উন্নতি করা সম্ভব হচ্ছেনা। এইসব খেলাপীঝণীদের ঝণ আদায়ে সার্বিক সহযোগীতার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্য খেলাপীঝণীদের ঝণ আদায়ে সার্বিক সহযোগীতা করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাবৃন্দ।

(চলমান পাতা)

<p>যুব প্রশিক্ষণ কেন্দ্র , যুব সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানকে ক্রীড়া সামর্থী প্রদান সংক্রান্ত আলোচনা।</p>	<p>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তার অধিদপ্তরের তালিকাত্তে যুব সংগঠনসহ ১১টি ইউনিয়নের যে কয়টি প্রতিষ্ঠান রয়েছে সব কয়টি প্রতিষ্ঠানে চলীত অর্থ বছরের বাজেট প্রাপ্তি সাপেক্ষে ক্রীড়া সামর্থী বিতরণ করার প্রস্তাব করেন। তাছাড়া যুব প্রশিক্ষণ কেন্দ্র সুলতানপুরে বিভিন্ন ট্রেডে বেশ কিছু প্রশিক্ষণার্থী আছে যারা ক্রীড়া সামর্থীর অভাবে অবসর সময়ে খেলাধুলা করতে পারছেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলায় সক্রিয় সংগঠনগুলো এবং যুব প্রশিক্ষণ কেন্দ্রকে ও ক্রীড়া সামর্থী প্রদান করার সুপারিশ পরিবর্তী সময়সূচী সভায় উপস্থাপনের জন্য সভার সম্মানিত সদস্যগণকে অনুরোধ করেন। সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্য যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানকে চলাতি অর্থ বছরের বাজেট প্রাপ্তির শুরুতেই ক্রীড়া সামর্থী প্রদানের বিষয়ে একমত পোষণ করেন।</p>	<p>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</p>
---	--	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


(শার্মিলা আত্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি


যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ব্রাক্ষণবাড়িয়া সদর

আরক নং-৩৪.০১.১২১৩.০০০.০৬.০০১.১৩- (৫৬)

তারিখ : ১৪/০৯/২০২১ ইং।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাক্ষণবাড়িয়া সদর।
০২. উপজেলা নির্বাহী অফিসার, ব্রাক্ষণবাড়িয়া সদর।
০৩. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাক্ষণবাড়িয়া।
০৪. উপজেলা.....কর্মকর্তা, ব্রাক্ষণবাড়িয়া সদর।
০৫. জনাব.....সদস্য, যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, ব্রাক্ষণবাড়িয়া সদর।
০৬. অফিস কপি।


(মোঃ ফরহাদ হোসেনি)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

সদর, ব্রাক্ষণবাড়িয়া